কুষ্টিয়ায় কিশোরী নির্যাতন মামলার প্রধান আসামি গ্রেফতার

কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার আল্লারদর্গা বাজারে র্যাবের অভিযানে কিশোরী নির্যাতন মামলার প্রধান আসামি ইসমাইল হোসেন (৫০) গ্রেফতার হয়েছেন।

গতকাল শুক্রবার (৮ নভেম্বর) রাত সাড়ে ৯টার দিকে র্যাব-১২ কুষ্টিয়া ক্যাম্পের সদস্যরা গোপন সংবাদের ভিত্তিতে দৌলতপুর উপজেলার একটি চায়ের দোকান থেকে তাকে আটক করেন। তিনি কুষ্টিয়ার ভেড়ামারা উপজেলার ক্ষেমিড়দিয়া গ্রামের মৃত মুক্তার সদ্দারের ছেলে।

ইসমাইল হোসেন ২৮ সেপ্টেম্বর কুষ্টিয়ার ভেড়ামারা উপজেলার দক্ষিণ পাড়া গ্রামে একটি কিশোরীকে নির্যাতন করেন বলে অভিযোগ রয়েছে।

ঘটনার পর কিশোরীর পরিবারের পক্ষ থেকে ভেড়ামারা থানায় মামলা দায়ের করা হয়। মামলার পর র্যাব সদস্যরা আসামির অবস্থান শনাক্ত করে তাকে গ্রেফতারের জন্য অভিযান শুরু করেন।

র্যাব জানায়, গ্রেফতার হওয়া আসামিকে পরে ভেড়ামারা থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়।